

## Chapter 26

(으)ㄴ 후에 (কোনো কাজ শেষ হওয়ার পরে বুঝায়)

★(পরে)—অর্থ প্রকাশ করে★

(으)ㄴ 후에 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কোনো কাজ শেষ হওয়ার পরে বুঝায়। ভাবটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 은 후에 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে ㄴ 후에 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

가: 이 약은 언제 먹어야 돼요? এই ঔষধ কখন খেতে হবে?

나: 밥을 먹은 후에 드세요. ভাত খাওয়ার পরে খাবেন।

쇼핑을 한 후에 영화를 봐요. কেনাকাটা করার পরে ছবি দেখব। 영화를 본 후에 쇼핑을 해요. ছবি দেখার পরে কেনাকাটা করব।

우유를 마신 후에 배가 아프기 시작했어요. দুধ পান করার পরে পেট ব্যথা শুরু হয়েছিল।

지 마세요 (কাউকে কোনো কিছু করতে নিষেধ করতে)

★(নিষেধ)—অর্থ প্রকাশ করে★

আমরা আগে শিখেছি (으)세요 ভাব এর পেছনে লাগিয়ে কাউকে কোনো কিছু আদেশ বা অনুরোধ করা হয়। আর এখন শিখবো 지 마세요 ভাব এর পেছনে লাগিয়ে কাউকে কোনো কিছু করতে নিষেধ করা। অর্থাৎ (으)세요 এর ঠিক উল্টো হলো 지 마세요। ভাবটির বাচ্ছিম থাকুক বা না থাকুক 지 마세요 যুক্ত করতে হবে।

যেমন-

- ❖ 가: 발목을 삐었어요. پایم را گودالی مچکه গেছে।
- ❖ 나: 많이 걷지 마세요. বেশি হাটবেন না।
- ❖ 가: 열이 많이 나요. অনেক জ্বর এসেছে।
- ❖ 나: 오늘은 밖에 나가지 마세요. আজ বাইরে যাবেন না।

## Chapter 27

(으)면 (পেছনে সংযুক্ত হওয়া কথার শর্ত বুঝায়)

★(-লে)—অর্থ প্রকাশ করে★

(으)면 ক্রিয়াপদ ও বিশেষণ পদের পেছনে যুক্ত করা হয়। (으)면 এর পেছনে যে কথাগুলো হয় সামনে তার শর্ত থাকে। (으)면 এর অর্থ বাংলায় "লে" বুঝায়। ভাব বা অ্যাডজেক্টিভটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으면 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 사무실이 춥네요. অফিস ঠান্ডা।
- ❖ 나: 추우면 문을 닫을까요? ঠান্ডা লাগলে দরজা বন্ধ করব কি?
- ❖ 가: 머리가 좀 아프네요. একটু মাথাব্যথা করছে।
- ❖ 나: 많이 아프면 일찍 들어가서 쉬세요. বেশি ব্যাথা করলে তাড়াতাড়ি ভিতরে গিয়ে বিশ্রাম নিন। 더우면 에어컨을 켜세요. गरम লাগলে এয়ারকন্ডিশনারটি চালু করুন।
- ❖ 감기에 걸리면 내과에 가 보세요. सर्দি লাগলে মেডিসিন বিভাগে গিয়ে দেখুন।

তবে ㅂ ব্যতিক্রমী বিশেষণের সাথে 으면 যুক্ত হলে বিশেষণের শেষ অংশটি পরিবর্তিত হয়। যেমন-덥으면 না হয়ে 더우면 হয়েছে।

ㅂ/습니까 (ফরমাল পরিবেশে সম্মান দিয়ে প্রশ্ন করতে)

ㅂ/습니다 (ফরমাল পরিবেশে সম্মান দিয়ে উত্তর করতে)

★ বর্তমান ও ভবিষ্যত কাল প্রকাশ করে★

ফরমাল পরিবেশে ক্রিয়াপদ বা বিশেষণ এর পেছনে ㅂ/습니까, ㅂ/습니다 যুক্ত হয়ে শ্রোতাকে সম্মান দিতে ব্যবহৃত হয়। কিছু সম্পর্কে প্রশ্ন করতে ㅂ/습니까 ব্যবহার করা হয় এবং বিবৃতি বা বর্ণনা দিতে ㅂ/습니다 ব্যবহৃত হয়। ভার্ব বা অ্যাডজেক্টিভটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 습니까/ 습니다 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু ㅂ বাচ্ছিম থাকলে ㅂ니까/ ㅂ니다 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে ㅂ বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 가: 어떻게 오셨습니까? কি সমস্যা নিয়ে এসেছেন?/ কেন এসেছেন?
- ❖ 나: 감기에 걸려서 왔습니다. सर्দি লাগার কারণে এসেছি।
- ❖ 가: 목이 아프면 어디에 가야 합니까? গলা ব্যাথা করলে কোথায় যেতে হবে?
- ❖ 나: 이비인후과에 가야 합니다. নাক, কান ও গলা বিভাগে যেতে হবে।
- ❖ 기침이 나고 목이 많이 아팠습니다. কাশি হয়েছে এবং গলা অনেক ব্যাথা হয়েছে।

## Chapter 28

(으)려고 (কোনো কিছু/কোনো কাজ করার উদ্দেশ্য বুঝায়)

★ (-তে) অর্থ প্রকাশ করে★

(으)려고 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কোনো কাজ করার উদ্দেশ্য বুঝায়। ভার্বটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으려고 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু ㅂ বাচ্ছিম থাকলে 려고 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে ㅂ বাচ্ছিম লোপ পাবেনা অর্থাৎ উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 왜 한국에 왔어요? কেন কোরিয়াতে এসেছেন?
- ❖ 나: 한국어를 공부하려고 왔어요. কোরিয়ান ভাষা অধ্যয়ন করার জন্য এসেছি।

- ❖ 가: 어떻게 오셨어요? কেন এসেছেন?
- ❖ 나: 한국어 수업을 신청하려고 왔어요. কোরিয়ান ভাষা ক্লাসের জন্য আবেদন করতে এসেছি।
- ❖ তবে (으)려고 এর পরে (으)세요 বা (으)니까요 বসতে পারেনা। অর্থাৎ (으)세요 π(으)니까요 যুক্ত বাক্যে (으)려고 ব্যবহৃত হতে পারেনা।

## (으)려고 (으)। এর মধ্যে পার্থক্য-

(১) (으)려고 সকল ক্রিয়াপদের পেছনে যুক্ত হতে পারে। কিন্তু (으)러 টার্মনটি 가다. 오다 এর মতো গতিবিধি সম্পর্কিত 나가다. 나오다. 들어가다. 들어오다. 올라가다. 올라오다. 내려가다. 내려오다. 다니다 ইত্যাদি ক্রিয়ার সাথে ব্যবহৃত হতে পারে।

(২) (으)려고 এর পেছনে অনুরোধ ও আদেশ সূচক বাক্য আসতে পারে না। (으)러 এর পেছনে যে কোনো ধরনের বাক্য আসতে পারে।

### উদাহরণ-

- 친구에게 주려고 선물을 샀어요. (O)
- 친구에게 주러 선물을 샀어요. (X)

### উদাহরণ-

- 밥 먹으려고 가세요. (X)
- 밥 먹으러 가세요. (O)

(으)면 되다 (কোনো অবস্থা হলে বা কোনো কাজ করলে যথেষ্ট বুঝায়)

★면/으면=লে

돼요/됩니다= হবে/ চলবে—অর্থ প্রকাশ করে★

(으)면 되다 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কোনো কাজ করলে বা কোনো অবস্থায় হলে আর সমস্যা নেই। অর্থাৎ ওটা করলেই যথেষ্ট। (으)면 되다 এর অর্থ "লে হবে"। ভাবটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으면 되다 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে 면 되다 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবেনা অর্থাৎ উচ্চারণ হবে।

### যেমন-

- ❖ 가: 고향으로 송금하고 싶은데 어떻게 해야 돼요? দেশের বাড়িতে টাকা পাঠাতে চাই কি করতে হবে?
- ❖ 나: 여기 신청서를 쓰시면 됩니다. এখানে আবেদন করলে হবে।
- ❖ 가: 이 약은 어떻게 먹어요? এই ঔষধ কিভাবে খাব?
- ❖ 나: 하루에 두 번 먹으면 돼요. দিনে দু বার খেলে হবে।

## Chapter 29

(으)로 (চলাফেরা বা গতিবিধির দিক বা গন্তব্যস্থল বুঝাতে)

★(য়/০/এ/তে)—অর্থ বহন করে★

(으)로 বিশেষ্য পদের পেছনে যুক্ত হয়ে চলাফেরা বা গতিবিধির দিক বা গন্তব্যস্থল বুঝায়। বিশেষ্যটির বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으로 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে 로 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবেনা অর্থাৎ উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 어디로 가세요? কোথায় যাচ্ছেন?
- ❖ 나: 다카로 갑니다. ঢাকায় যাচ্ছি।
- ❖ 가: 편지를 보내려고 합니다. চিঠি পাঠাতে চাই।
- ❖ 나: 어디로 보내실 거예요. কোথায় পাঠাবেন।
- ❖ 내일 한국으로 갑니다. আগামীকাল কোরিয়া যাচ্ছি।

(으)십시오 (কাউকে আদেশ বা কিছুর জন্য অনুরোধ করতে)

★বেশি সন্মান দিয়ে কথা বলতে ব্যবহার করা হয়★

(으)십시오 শুধুমাত্র ক্রিয়াপদের পেছনে যুক্ত করে কাউকে আদেশ বা কিছুর জন্য অনুরোধ করতে ব্যবহৃত হয়। ভাবটির 다 উঠিয়ে দিয়ে বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으십시오 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে 십시오 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 가: 신용카드를 잃어버렸는데 어떻게 해야 돼요? 크레ডিٹ কার্ড হারিয়ে ফেলেছি কি করতে হবে?
- ❖ 나: 이 전화번호로 전화를 거십시오. এই ফোন নাম্বারটিতে ডায়াল করুন বা কল করুন।
- ❖ 가: 소포를 보내고 싶습니다. 파서넬 পাঠাতে চাই।
- ❖ 나: 이 저울 위에 올려놓으십시오. এই পাল্লার উপরে উঠিয়ে রাখুন।

(으)십시오(으)세요 এর মধ্যে পার্থক্য-

(으)십시오 এবং (으)세요 দুটোই আদেশ বা অনুরোধ বুঝায়। (으)십시오 ফর্মাল পরিস্থিতিতে ব্যবহার করা হয় এবং (으)세요 ইনফর্মাল পরিস্থিতিতে (ঘনিষ্ঠ ব্যক্তি, ঘনিষ্ঠ উর্ধ্বতন ব্যক্তি বা সমবয়সীদের সাথে) ব্যবহার করা হয়।

## Chapter 30

(으) = 수 있다/없다 (কোনো কিছু হওয়া বা কোনো কিছু পারার সক্ষমতা বা সম্ভাবনা আছে বা নাই বুঝায়)

★ = 수 있어요/을 수 있어요 : পারি

= 수 없어요 을 수 없어요 : পারি না—অর্থ প্রকাশ করে★

(으) = 수 있다/없다 শুধু ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কোনো কিছু হওয়া বা কোনো কিছু পারার সক্ষমতা বা সম্ভাবনা আছে বা নাই বুঝায়। সেই ক্রিয়াটি করার সক্ষমতা বা সম্ভাব্যতা থাকলে (으) = 수 있다 এবং সক্ষমতা বা সম্ভাব্যতা না থাকলে (으) = 수 없다 ব্যবহার করা হয়। ভাবটি বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 을 수 있다/없다 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে = 수 있다/없다 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবে না।

যেমন-

- ❖ 가: 우리 김치찌개 먹으러 갈까요? আমরা থিমছিচিগে খেতে যাব?
- ❖ 나: 김치찌개는 너무 매워서 먹을 수 없어요. 불고기는 어때요? থিমছিচিগে খুব ঝাল তাই খেতে পারি না। বুলগোগী কেমন হবে?
- ❖ 가: 리리 씨는 중국 음식을 만들 수 있어요? রিরি চাইনিজ খাবার তৈরি করতে পারেন?
- ❖ 나: 네, 저는 요리하는 것을 좋아해요. हाँ, আমি রান্না করতে পছন্দ করি।

(으)려면 (ইচ্ছা পূরণের জন্য শর্ত প্রকাশ করতে)

★-তে চাইলে

পড়তে চাইলে- অর্থ প্রকাশ করে★

(으)려면 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে দুটি বাক্যকে সংযুক্ত করে। (으)려면 সামনের বাক্যে বক্তার ইচ্ছা থাকলে পেছনের বাক্যের ক্রিয়াটি করা প্রয়োজন বা আবশ্যিক বুঝায়। অর্থাৎ বক্তার ইচ্ছা পূরণ করতে হলে পেছনের কাজটি করতে হবে। ভাবটি বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으려면 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে 려면 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে না অর্থাৎ উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 김치찌개를 만들고 싶어요. থিমছিচিগে বানাতে চাই।
- ❖ 나: 김치찌개를 만들려면 김치하고 고기가 필요해요. থিমছিচিগে তৈরি করতে হলে থিমছি এবং মাংস প্রয়োজন।
- ❖ 가: 컴퓨터 교육은 어디에서 신청해요? কম্পিউটার প্রশিক্ষণের জন্য কোথায় আবেদন করতে পারি?
- ❖ 나: 컴퓨터 교육을 신청하려면 1층으로 내려가세요. কম্পিউটার প্রশিক্ষণের জন্য আবেদন করতে হলে প্রথম তলায় নেমে যান।

❖ 소포를 보내려면 우체국에 가야 해요. প্যার্সেল পাঠালে হলে পোস্ট অফিসে যেতে হবে।